

সাত বৈশিষ্ট্যে খাঁটি মনের মানুষ

১. অর্থই সব নয়ঃ খাঁটি মনের মানুষরা কখনোই বিশ্বাস করেন না যে পয়সা সব কিছুর উর্ধ্বে। কোনো মানুষের মূল্য অর্থ দিয়ে মাপা যায় না বলেই তাঁদের বিশ্বাস।
২. মূল্যায়নঃ তাঁরা অন্যদের মূল্যায়ন করতে জানেন। কারণ তাঁরা নিজেদের মূল্যায়ন করতে শিখেছেন। তাই এমন সহকর্মী বা ব্যবসায়িক অংশীদার উজ্জ্বলতর ভবিষ্যতের জন্য আপনার অর্থনৈতিক দুরবস্থার সঙ্গে মানিয়ে চলতে ভয় করেন না।
৩. জ্ঞান চর্চাঃ অভিজ্ঞতার আলোকে মন ও মস্তিষ্কপ্রসূত বিশেষ জ্ঞান প্রত্যেক মানুষের মধ্যেই কিছু না কিছু থাকে। অভিজ্ঞ ও অকৃত্রিম মনের মানুষরা চর্চার মাধ্যমে সেই জ্ঞান আরো কার্যকর করে তোলেন। ইনটুইশনের ওপর দারুণ নির্ভরশীলতা তাঁদের।
৪. নাটকীয়তা এড়িয়ে চলাঃ তাঁরা আত্মবিশ্বাসী এবং স্বপ্নপূরণে প্রাণশক্তি খরচ করতে ইচ্ছুক। যদিও জীবনের নানা অংশে অস্বস্তিকর নাটকীয়তার সম্মুখীন হবেন।
৫. দায় নেওয়াঃ এটি সাদ্ধা হৃদয়ের মানুষ চেনার অন্যতম বৈশিষ্ট্য। ব্যর্থতার বিপরীতে অজুহাত তৈরি করেন না তাঁরা। ভুলের দায় স্বীকার করেন অনায়াসেই। বরং ভুলের কারণ সন্ধান করে তা শুধরে নেন বুদ্ধিমানের মতো।
৬. সব সময়ের শিক্ষার্থীঃ সব অভিজ্ঞজন নতুন বিষয়ে জ্ঞান লাভ করতে চান। একই স্বভাব নির্ভেজাল মানুষের ক্ষেত্রেও প্রযোজ্য। তাঁদের মধ্যে জানার আগ্রহ প্রচুর। তাঁরা সুযোগ পেলেই বই পড়েন।
৭. সাহস জোগানোঃ সাহসী পদক্ষেপ নিতে সবার আগে থাকেন নির্ভেজাল মনের মানুষরা। আবার অন্যদের এগিয়ে আসতেও উৎসাহ দেন। যদি একই পথে এগিয়ে কেউ বিপদগ্রস্ত হন, তখন তাঁদের দিকেও হাত বাড়িয়ে দিতে কার্পণ্য নেই তাঁদের।